গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

**মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সত্যেন্দ্র কুমার সরকার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৩/০১/২০২৩ খ্রি.; বেলা ০২.০০ টা |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নম্বর-০৪, ৭ম তলা, কক্ষ নম্বর-৬১৯) ও জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট উপসচিব (প্রশাসন-১)-কে অনুরোধ জানান।

২। উপসচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পার ১.৬ সূচক অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে।

৩। সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ:

| দপ্তর/সংস্থার নাম → / কার্যক্রমের নাম ↓ | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ | | টাস্কফোর্স, খাগড়াছড়ি | | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | | বান্দরবান পার্বত্য জেলা পরিষদ | | রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ | ১ | - | - | - | - | ১ | ১ | - | - | - | - |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১ (১২) | ১ (১২) | - | - | ১ (৩০) | ১ (৩০) | - | - | ১ (৫০) | ১ (৫০) | - | - |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি | - | - | - | - | ১ (৩০/১১/২২) | ১ (৩০/১১/২২) | ১ | ১ | ৩১/১২/২০২২ | ২২/১১/২০২২ | ২৯/১২/২০২২ | ০৩/১১/২০২২ |
| ১.৬ আওতধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | প্রযোজ্য নয় | | | | ২০/১০/২২ | ২৬/১০/২২ | প্রযোজ্য নয় | | | | | |

চলমান পাতা - ০২

| দপ্তর/সংস্থার নাম → কার্যক্রমের নাম ↓ | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ | | টাস্কফোর্স, খাগড়াছড়ি | | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | | বান্দরবান পার্বত্য জেলা পরিষদ | | রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ...............................................................................** | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ৪০% | ২৫% | ৫০% | ৫০% | ২৫% | ২৫% | ৩০% | - | ৫০% | ৫১% | ৫০% | ৫০% |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | ৫০% | ৮৩% | ৫০% | ৩৯.২৫ % | ৩০% | ৩০% | ৩৫% | ৩৬% | ৫০% | ৫১% | ৫০% | ৫০% |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | - | - | - | - | ২ | ২ | - | - | ১ | ১ | ১ | ১ |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নেই | | | | | | | | ১ | ১ | ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নেই | |

৪। সভাপতি বলেন যে, দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান কার্যক্রম মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত। অদ্যকার এ সভার মাধ্যমে সংস্থাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিকের অগ্রগতি উল্লেখ করা হল। শুদ্ধাচারসহ অন্যান্য কর্মপরিকল্পনা এপিএ তে অন্তর্ভুক্ত থাকায় এপিএ'র ফলাফল ভালো করতে হলে সকল কর্মপরিকল্পনার কার্যক্রমও ভালভাবে বাস্তবায়ন করা প্রয়োজন। দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে আরো আন্তরিক হতে হবে। কর্মপরিকল্পনায় কার্যক্রমসমূহ বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অনুযায়ী পূর্বেই কাজ শুরু করলে তা নির্ধারিত তারিখ ও সময়ে অর্জন করা সম্ভব। তিনি সকল সংস্থার প্রতিনিধিগণকে কর্মপরিকল্পনার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের প্রমাণক মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক. প্রত্যেক সংস্থার ১.২ সূচকের কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে গুণগত মান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

খ. বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২.২ সূচকের কার্যক্রম অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রমপুঞ্জীভূত অর্জনের প্রমাণক দাখিল করতে হবে।

গ. মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক এর অগ্রগতি প্রতিবেদন শুদ্ধাচার ক্যালেন্ডার অনুযায়ী আগামী ০৫/০৪/২০২২ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৬। সভায় আলোচ্য কোন বিষয় অবশিষ্ট না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০১/০২/২০২৩
(সত্যেন্দ্র কুমার সরকার)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

৪৫

চলমান পাতা - ০৬

নম্বর-২৯.০০.০০০০.২১৩.০৫.০১৮.২২-৭১

তারিখ: ০১/০২/২০২৩ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সর্ম্পকিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিস্টেম এনালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

০১/০২/২০২৩
(সজল কান্তি বনিক)
উপসচিব